

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত **Industrial Practices** এর উপর বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার (RCO's) ১৪ তম প্রশিক্ষণ কোর্স, ১০-১৩ নভেম্বর, ২০২৫ ইং এর প্রতিবেদন



আয়নায়নকারী বিকিরণ উৎস/যন্ত্রপাতি ব্যবহারকারীদেরকে সুষ্ঠুভাবে কর্মকান্ড পরিচালনার জন্য পানিবিদ্য বিধিমালা ১৯৯৭ অনুযায়ী প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক। দক্ষ বিশেষজ্ঞগণ তথা বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা, বিকিরণ নিয়ন্ত্রণ কর্মসূচীর সাফল্যের মূল চালিকা শক্তি। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার (RCO) তেজস্ক্রিয় পদার্থ/বিকিরণ যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের সাথে জড়িত ঝুঁকি, আইনগত চাহিদা, এবং নিজের দায়িত্ব ইত্যাদি সম্পর্কে সুস্পষ্ট ধারণা এবং জ্ঞান থাকা খুবই জরুরী। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO) - এর প্রশিক্ষণে মূলত বিকিরণ উৎস এর নিরাপদ ব্যবহারের বিষয়ে সুস্পষ্ট ধারণা দেওয়া হয়ে থাকে।

১০-১৩ নভেম্বর ২০২৫ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের, অথরিটি ভবনের ক্লাসরুমে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO)-দের জন্য শিল্প ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ উৎসের নিরাপদ ব্যবহার সংক্রান্ত একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। শিল্প ক্ষেত্রে আয়নায়নকারী বিকিরণ উৎস ব্যবহারে কর্মরত বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের RCO প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার (ঢাকা, চট্টগ্রাম, মৌলভীবাজার, কুষ্টিয়া, বগুড়া, নারায়নগঞ্জ ইত্যাদি) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মোট ৩৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

১২ই ফেব্রুয়ারী ২০১৩ সালে বাপশনিক প্রতিষ্ঠা হওয়ার পর শিল্প ক্ষেত্রে কর্মরত RCO দের জন্য আয়নায়নকারী বিকিরণ সংক্রান্ত এ পর্যন্ত মোট ১৪ টি প্রশিক্ষণ কোর্সের আয়োজনের মাধ্যমে সর্বমোট ৪৭৪ (চারশত চুয়ান্ডর) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন। এই পর্যন্ত শিল্পক্ষেত্রে কর্মরত RCO দের জন্য আয়নায়নকারী বিকিরণ উৎসের নিরাপদ ব্যবহার সংক্রান্ত মূলসনদ প্রাপ্তির লক্ষ্যে ১২ টি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ১২ টি পরীক্ষায় মোট ২৫১ জন অংশ গ্রহণ করেন। অংশগ্রহণকারীদের মধ্যে ১৫৫ জন পরীক্ষায় সন্তোষজনক নম্বর পেয়ে উত্তীর্ণ হয়ে RCO -এর মূল সনদ গ্রহণ করেন। উল্লেখ্য যে প্রশিক্ষণার্থীদের মতামতের আলোকে কোর্সের সামগ্রিক মান উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। ইতিমধ্যে প্রশিক্ষণার্থীদের চাহিদার আলোকে প্রশিক্ষণ থেকে শুরু করে পরীক্ষা গ্রহণ, মূলসনদ প্রদানের কার্যক্রম Online -এ শুরু করা হয়েছে।